

## বয়লারের মালিকানা পরিবর্তনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা

একটি বয়লারের মালিকানা পরিবর্তনের জন্য বিধি অনুযায়ী আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজ পত্রগুলি দাখিল করিতে হবে।

- (১) যে প্রতিষ্ঠানে বয়লারটি ব্যবহৃত হবে তার লেটার হেড প্যাডে আবেদন।
- (২) আবেদনে মালিক বা স্বত্ত্বাধিকারীর নাম, পদবী ও স্বাক্ষর থাকতে হবে।
- (৩) ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- (৪) ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে বয়লারের ক্রয় বিক্রয় চুক্তিনামা।
- (৫) জয়েন্ট স্টক কোম্পানী সনদ ও Article of Memorandum (প্রযোজ্য ক্ষেত্রে)।
- (৬) বয়লার রেজিস্ট্রেশনপত্র ও নবায়ন সনদের কপি।

## বয়লার নবায়ন নিয়মাবলী ও প্রয়োজনীয় কার্যাবলী নিম্নে প্রদান করা হলোঃ

- (ক) মেয়াদ উত্তীর্ণের পূর্বে ট্রেজারী চালানের মাধ্যমে নির্ধারিত কোডে প্রযোজনীয় ফি প্রদান পূর্বক চালানের মূল কপি দাখিল।
- (খ) নির্ধারিত আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে দাখিল।
- (গ) সংশ্লিষ্ট বয়লার পরিদর্শক কর্তৃক ধার্যকৃত দিনে পরিদর্শনের সহায়তা প্রদান।

পরিদর্শন ও পরীক্ষনে সঙ্গেওজনক ফলাফলের ভিত্তিতে নবায়ন সনদ প্রদান করা হয়।

- বিষ্ট্রঃ
- (১) ব্যাংকে বয়লার নবায়ন চালান জমা দেওয়ার খাত নং- ১-৩৯৩১-০০০০-২০১৫।
  - (২) জরিমানা চালান জমা দেওয়ার খাত নং- ১-৩৯৩১-০০০০-২৬৮১।